

## উ পভাষা।

ইটভাটা থেকে তুমি  
নিরাপদ দূরত্বে আছ  
চুলের খেঁপায় সাজিয়ে রেখেছে  
করঙ্গ - মহল  
অহংকারকে ডেকে বলছ  
আর দৌড়বার দরকার নেই হে  
দাঢ়ি - কমা - সেমিকোলনের কথা অনেক হয়েছে  
এখন একটু হাত লাগাও  
মাটি কোপাও - গাছ লাগাও  
হাওয়ায় জীবাণু ঘুরে বেড়াচ্ছে  
বগহীন, হাজার হাজার  
সতর্ক থেকো।

আমি বরং তোমাকে লেখা চিঠিগুলো  
ছাপাখানায় দিয়ে আসি  
প্রেমের প্রস্তুত প্রকাশের জন্য  
ফিরতি পথে গোপন কথা লিখেছিল বলেই  
তুমি সেলাইয়ের বুনন থেকে  
অতর্কিতে মুখ তুলে তাকালে  
আমি শোনাব সকালের তাজা খবর--  
তুমি কি জান  
অনাহারের আর এক নাম  
পিপলি শবর!

অণ মুখোপাধ্যায়

